

জুন, ২০২২

প্রয়াস

সংখ্যা-২৭

মাল্টিজার ইন্টারন্যাশনালের অর্থায়নে কোস্ট ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত টেকনাফ এর হীলা ইউনিয়ন ও উঁখিয়ার পালংখালী ইউনিয়নের স্থানীয় জনগোষ্ঠীর জন্য সহায়তা কর্মসূচি একর্ড প্রকল্পের মাসিকপত্র।

দলীয় কাজে অংশগ্রহন বেড়েছে দলের সদস্যদের

মে, ২০২২ তারিখে কোস্ট একর্ড প্রকল্প পালংখালী এবং হীলা ইউনিয়নে ৩টি আত্মনির্ভরশীল দলের মধ্যে এক্সপোজার ভিজিট সম্পন্ন করা হয়। এই ৩টি আত্মনির্ভরশীল দল থেকে মোট ৪১ জন সদস্য অংশগ্রহন করেন।

ভিজিট কালীন সময় পরিদর্শনকারী দলসমূহ পরিদর্শনকৃত দলের সকল ডকুমেন্টস এবং দলীয় কার্যক্রম পর্যবেক্ষণ ও পরিদর্শন করেন। পরিদর্শনের মাধ্যমে অপেক্ষাকৃত দুর্বলদল তাদের কাজের ক্ষেত্রে ভুলত্রুটি সংশোধনের শিক্ষা লাভ করে।



এক্সপোজার ভিজিটের সময় হীলা ইউনিয়নে একক সম্পদ প্রদর্শন। ছবি-শাহরাজ

পাশাপাশি মুক্ত আলোচনার মাধ্যমে দলীয় কাজের বিভিন্ন প্রতিবন্ধকতা, ঝুঁকি এবং উত্তোরণের উপায় সম্পর্কে ধারণা লাভ করে। ইতিপূর্বে কোস্ট একর্ড প্রকল্পের ৪৯টি দলের মধ্যে ১৭ টি এক্সপোজার ভিজিট সম্পন্ন হয়েছে, যাদের মধ্যে হীলা ইউনিয়নের আলী আকবার পাড়ার একটি আত্মনির্ভরশীল দল- কপোতাক্ষ দল, যারা গত জানুয়ারি, ২০২২ মাসে এক্সপোজার ভিজিট এর মাধ্যমে অনুপ্রাণিত হয়ে নিয়মিত মাসিক সঞ্চয় করা শুরু করেছেন।

পারভিনের পড়ালেখার দায়িত্ব এখন স্কুল কর্তৃপক্ষের

মেয়ের পড়ালেখার জন্য রাশেদা বেগমের এখন আর কোনো দুঃশ্চিন্তা করতে হয় না। কারণ তাঁর মেয়ের পড়ালেখার দায়িত্ব এখন বিদ্যালয় কর্তৃপক্ষের। হীলা বালিকা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণিপড়ুয়া রাশেদা বেগমের মেয়ের নাম পারভিন আক্তার, যে ভবিষ্যতে শিক্ষক হতে চায়।



মেয়ের টিউশন ফি নিয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে কথা বলাচন রাশেদা বেগম। ছবি-ফিরাবানু আনোব

স্বামী মারা যাওয়ার পর থেকেই দারিদ্র্য সীমার নিচে বসবাস করছিলেন রাশেদা বেগমের পরিবার। অন্যের ঘরে কাজ করে যা আয় হতো তা দিয়ে পরিবারের খরচ চালিয়ে মেয়ের পড়ালেখার খরচ চালাতে বেগ পেতে হতো রাশেদা বেগমের। কোস্ট একর্ড প্রকল্পের নাফ দলের সদস্য রাশেদা বেগম কোস্ট ফাউন্ডেশন হতে পেয়েছেনবিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ ও আর্থিক সহযোগিতা। ডিসেম্বর, ২০২১ তারিখে কোস্ট একর্ড প্রকল্প হীলা ইউনিয়নে একটি লিংকেজ মিটিংয়ের আয়োজন করে।

উক্ত মিটিং থেকে শিক্ষা সেবা সম্পর্কে জানতে পারেন এবং বিনা বেতনে পড়ানোর জন্য হীলা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বরাবর আবেদন করেন। প্রধান শিক্ষক সাথে সাথে তা মনজুর করে বিনা বেতনে পড়ার সুযোগ করে দেন।



পারভিন আক্তার কোস্ট একর্ড প্রকল্পের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন- পড়ালেখা শেষ করে তিনি শিক্ষক হতে চান।

স্থানীয়দের সফলতার গল্প – আনোয়ারা বেগম



দলের সদ্যরা মাসিক সঞ্চয় জমা দিচ্ছেন। – ছবি – শাহরাজ

কোস্ট একর্ড প্রকল্পের কপোতাক্ষ দল গঠনের পর থেকে দলীয় কার্যক্রমের সাথে সরাসরি জড়িত ছিলেন দলের সকল সদস্য। কিন্তু কিছু বিষয় সম্পর্কে তারা অবগত ছিলেননা, যার কারণে দলের উন্নয়ন বাধাগ্রস্ত হচ্ছিলো। এ সময় একটি এক্সপোজার ভিজিটে অংশগ্রহণের মাধ্যমে কপোতাক্ষ দল জানতে পারে যে, ধানসিঁড়ি দল দলীয়ভাবে উন্নয়ন করছে, অপেক্ষাকৃত দুর্বল দল হিসেবে কপোতাক্ষ দল, ধানসিঁড়ি দল ভিজিট করে।

ভিজিটকালীন সময়ে ধানসিঁড়ি দলের সঠিক পরিকল্পনা ও উন্নয়ন দেখে মুগ্ধ হয় কপোতাক্ষ দলের সকল সদস্যরা। দলীয়ভাবে তারা সিদ্ধান্ত নেয় যে, ধানসিঁড়ি দলের মত তারাও নিয়মিত দুর্যোগ তহবিলের টাকা জমা দিবে এবং নিয়মিত সঞ্চয় করবে।

পরিশেষে তারা এখন নিয়মিত দুর্যোগ তহবিলের টাকা জমা দিচ্ছে। তারা

বর্তমানে দুর্যোগ তহবিল বাবৎ প্রতি মাসে প্রতি সদস্য ২০ টাকা করে জমা করছে এবং ১০০ টাকা করে সঞ্চয় করছেন।

দলের সদস্যরা মনে করেন, এক্সপোজার ভিজিট তাদের খুবই উপকারে এসেছে। তারা কীভাবে দলের উন্নয়ন ও সফলতা অর্জন করবেন এ সম্পর্কে জানতে পেরেছেন, তাদের নিজেদের পাশাপাশি দলের উন্নয়ন সাধন করতে পারবেন বলে আশাপ্রকাশ করেছেন। বর্তমানে এ দলের সদস্যরা দলীয়ভাবে গবাদী পশু পালন করছে এবং এটা তাদের প্রথম দলীয় আয় বর্ধনমূলক কাজ।

ব্যাংকের বিভিন্ন সুবিধা সম্পর্কে অবগত – এখন উখিয়া টেকনাফের স্থানীয় নারীরা



সঞ্চয় – এর জন্য ব্যাংক হিসাব খুলছেন আমিনা খাতুন। ছবি – ফিরোজা

কৃষি ব্যাংক হাীলা শাখার সহকারী ম্যানেজার মন্জুর আলম। উক্ত মিটিংয়ের মাধ্যমে আমিনা খাতুন ব্যাংকিং সেবা সম্পর্কে জানতে পারেন। তাদের সেবা সম্পর্কে জানতে পেরে আমিনা খাতুন তার স্বামীর নামে বাংলাদেশ কৃষি ব্যাংক হাীলা শাখায় একটি মাসিক সঞ্চয় হিসাব খোলেন এবং তারা এখন নিয়মিত মাসিক সঞ্চয়ের টাকা ব্যাংকে জমা দিচ্ছেন। আমিনা খাতুনের মতে, লিংকেজ মিটিংয়ের মাধ্যমে ব্যাংকিং সেবা সম্পর্কে অবগত হওয়ার সুযোগ হয়েছে তাঁর। যার ফলে আজ তিনি ভবিষ্যতের স্বপ্ন দেখছেন।

হাীলা ইউনিয়নের মুসলিম পাড়ার গ্রামের আমিনা খাতুন কোস্ট একর্ড প্রকল্পের গল্পা দলের সামাজিক সম্পাদক। কোস্ট একর্ড প্রকল্পের দেয়া অনুদান ৭৭০০ টাকা পায় আমিনা খাতুন। পাশাপাশি বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেন সে। উক্ত প্রশিক্ষণ গ্রহণের পর থেকে বিভিন্ন শাক সবজি চাষ ও গবাদী পশু পালনের মাধ্যমে বিভিন্ন আয়ের সুযোগ হয় তার পরিবারের। স্বামীর আয়ের পাশাপাশি আমিনা খাতুনের বিকল্প আয় হিসেবে শাক সবজি চাষ ও গবাদী পশু পালন করে প্রতি মাসে ৩-৪ হাজার টাকা আয় করে। আয়ের কিছু অংশ ভবিষ্যতের জন্য জমানোর পরিকল্পনা গ্রহণ করে তারা দুজন।

কিন্তু ব্যাংকিং সেবা সম্পর্কে তারা অবগত না থাকায় তাদের পরিকল্পনা সফল করা সম্ভব হচ্ছিলনা। এমন সময় কোস্ট একর্ড প্রকল্প একটি লিংকেজ মিটিংয়ের আয়োজন করে। উক্ত লিংকেজ মিটিংয়ে উপস্থিত ছিলেন বাংলাদেশ

মাস ভিত্তিক লক্ষ্য ও অর্জন – মে, ২০২২ খ্রিঃ

ক্রমিক নং	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	এক্সপোজার ভিজিট	১	১
২	মাসিক দলীয় সভা	১৩০	১২৫
৩	মাসিক জনসংগঠন কমিটির সভা	৮	৬
৪	মাসিক সভা	০১	০১

অধিক তথ্যের জন্য:

www.coastbd.net

tumpa.coast@gmail.com